

স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের পরিপ্রেক্ষিতে আয়োজিত ‘সেবা সপ্তাহ’ উপলক্ষে “স্বল্প ব্যয় ও নিরাপদ অভিবাসন নাগরিক দায়িত্ব” শীর্ষক সেমিনার

স্বল্প ব্যয়ে কর্মী প্রেরণ করতে হলে ভিসা ট্রেডিং বন্ধ করতে হবে। একটি চক্র সবসময় ভিসা ট্রেডিং করে আসছে। এসকল ভিসা ট্রেডিং চক্রের বিরুদ্ধে আমাদের সোচ্চার হতে হবে। ২৫ মার্চ, ২০১৮ সকাল ১০.০০ ঘটিকায় ঢাকার সিরডাপ মিলনায়তনে স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উত্তরণের পরিপ্রেক্ষিতে আয়োজিত ‘সেবা সপ্তাহ’ উপলক্ষে “স্বল্প ব্যয় ও নিরাপদ অভিবাসন নাগরিক দায়িত্ব” শীর্ষক সেমিনারে সমাপনি বক্তব্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি এসব কথা বলেন। তিনি আরও বলেন, নিরাপদ অভিবাসন নিশ্চিতের লক্ষ্যে দক্ষ ও প্রশিক্ষিত কর্মী প্রেরণ করতে হবে। দক্ষ ও প্রশিক্ষিত কর্মী প্রতারণের শিকার হয় না।

“স্বল্প ব্যয় ও নিরাপদ অভিবাসন নাগরিক দায়িত্ব” শীর্ষক সেমিনারে আলোচকবৃন্দ রিক্রুটিং এজেন্সী, এনজিও, নাগরিকের দায়িত্ব ও মিডিয়ার ভূমিকা নিয়ে বক্তব্য রাখেন। আলোচকবৃন্দের মধ্যে বিষয়ভিত্তিক বক্তব্য রাখেন বাংলাদেশ এসোসিয়েশন ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীস (বায়রা) এর মহাসচিব মোঃ রুহুল আমিন স্বপন, মিডিয়া ব্যক্তিত্ব ও শ্রম অভিবাসন বিশ্লেষক হাসান আহমেদ চৌধুরী কিরণ, বায়রা’র যুগ্ম মহাসচিব শামীম আহমেদ চৌধুরী নোমান, ওয়্যারবী’র চেয়ারম্যান সৈয়দ সাইফুল হক, বেসরকারি প্রতিষ্ঠান বে-ইস্টার্ন এর ব্যবস্থাপনা পরিচালক মিস ফারাহ আনজুম বারী, আরমান এয়ার ইন্টারন্যাশনাল এর স্বত্তাধিকারী এ্যাডভোকেট মোঃ সাজ্জাদ হোসেন, এসএ ট্রেডিং এর স্বত্তাধিকারী আব্দুল আলীম। আলোচকবৃন্দের বক্তব্যের পরে উন্মুক্ত আলোচনায় বক্তব্য রাখেন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বোয়েসের এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, প্রবাসী কল্যাণ ব্যাংক এর উপব্যবস্থাপনা পরিচালক বদরে মুনির ফেরদৌসসহ সেমিনারে উপস্থিত এনজিও এবং মিডিয়ার প্রতিনিধিবৃন্দ। সেমিনারে অভিবাসী কর্মীদের অভিজ্ঞতা বিনিময় করেন মালয়েশিয়াগামী ময়মনসিংহ জেলার ফয়সাল মিয়া ও সৌদি আরবগামী লালমনিরহাট জেলার মোছাঃ লাইলী। সেমিনারে আরও উপস্থিত ছিলেন মন্ত্রণালয় ও এর দপ্তর সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, এনজিও, উন্নয়ন সহযোগী সংস্থা, বায়রা’র প্রতিনিধিবৃন্দসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

